

হোমপেইজ

গ্রেইটার মানচেস্টারে পিনপয়েন্ট (Pinpoint) নামে নতুন ও আকর্ষণীয় বাড়ি ভাড়া প্রদান ব্যবস্থায় আপনাকে স্বাগতম।

‘পিনপয়েন্ট’ পদ্ধতিতে সমগ্র গ্রেইটার মানচেস্টার এলাকায় অনেকগুলো ঘরবাড়ি যাচাই বাছাই করে একটি পছন্দসই বাড়ি পছন্দ করতে পারবেন এবং এলাকা সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার ব্যাপারে বেশি সুযোগ পাবেন।

গ্রেইটার মানচেস্টারের 10টি লোক্যাল অথোরিটি (কাউন্সিল) এবং 14টি হাউজিং এসোসিয়েশন মিলে ‘পিনপয়েন্ট’ নামের এই পার্টনারশিপ গঠন করেছে।

কাস্টমাররা তাদের নিজ নিজ লোক্যাল অথোরিটিতে (কাউন্সিলে) নাম রেজিস্টার করবেন। নাম রেজিস্টার করার পর থেকে তারা ‘পিনপয়েন্টের’ সকল ঘরবাড়ি যাচাই বাছাই করতে পারবেন। তবে কোনো বাড়ি পছন্দ হলে এবং তা নেওয়ার অনুরোধ জানাতে হলে সেই বাড়ির সাথে জড়িত শর্তগুলো অবশ্যই পূরণ করতে হবে।

আপনার স্থানীয় স্কিমের ঘরবাড়িগুলো যাচাই বাছাই করে পছন্দসই একটি ঘর নেওয়ার অনুরোধ করার সুযোগ আগের মতোই একই থাকবে। ‘পিনপয়েন্ট’ শুধুমাত্র আপনার সামনে এনে দেবে ঘরবাড়ি বাছাই করার ক্ষেত্রে বাড়তি পছন্দ।

এই ওয়েবসাইটের মাধ্যমে আপনি ঘরবাড়ির বিস্তারিত দেখতে পারবেন এবং জানাতে পারবেন যে একটি ঘর আপনার পছন্দ হয়েছে এবং সেটি আপনি নিতে চান। তবে কোনো ঘর নেওয়ার ইচ্ছার কথা জানানোর আগে সেটির সাথে জড়িত শর্তগুলো আপনি পূরণ করেন কি না তা অনুগ্রহ করে নিশ্চিত হয়ে নেবেন। শর্ত পূরণ না করলে আপনার অনুরোধ রক্ষা করা হবে না।

বর্তমানে যেসব ঘরবাড়ি ভাড়া দেওয়া হবে সেগুলো দেখার জন্য এখানে [ক্লিক করুন](#)। বিস্তারিত জানার জন্য [ব্যবস্থাটি কিভাবে কাজ করে বা আমাদের সাথে যোগাযোগ এর উপর ক্লিক করুন](#)।